

বাংলা দেশের সর্বাধিক প্রচারিত জাতীয় দৈনিক

বাংলাদেশ প্রতিদিন



সোমবার ॥ ১৫ ডিসেম্বর ২০২৫ ॥ ৩০ অগ্রহায়ণ ১৪৩২



পরীক্ষাভীতি কাটাতে নর্থ সাউথ ইউনিভার্সিটিতে কর্মশালা

নর্থ সাউথ ইউনিভার্সিটির (এনএসইউ) কাউন্সেলিং অ্যান্ড ওয়েলবিয়িং সেন্টার (সিডব্লিউসি) সম্প্রতি 'বিয়ন্ড এক্সাম অ্যাংজাইটি' শীর্ষক একটি কর্মশালা আয়োজন করেছে। অনেক শিক্ষার্থী পরীক্ষার সঠিক প্রস্তুতি নিতে পারেন না এবং পরীক্ষায় আশানুরূপ ফল থেকে বঞ্চিত হন। এর প্রেক্ষিতে সেমিস্টার ফাইনালের পূর্বে নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের কাউন্সেলিং অ্যান্ড ওয়েলবিয়িং সেন্টার পরীক্ষাভীতি মোকাবিলায় কর্মশালার আয়োজন করে। নাকা বিশ্ববিদ্যালয়ের কাউন্সেলিং ও এডুকেশনাল সাইকোলজি বিভাগের সহকারী অধ্যাপক ও কাউন্সেলিং সাইকোলজিস্ট রউফুন নাহার কর্মশালাটি পরিচালনা করেন। কাউন্সেলিং সেন্টারের মনোবিজ্ঞানীরা সহ-প্রশিক্ষক হিসেবে দায়িত্ব পালন করেন। -খবর বিজ্ঞপ্তি